

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১০৬০

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২১৪. শীতের রাতে জামা'আতে উপস্থিত না হওয়া

باب التَّخَلُّفِ عَنِ الْجَمَاعَةِ، فِي اللَّيْلَةِ الْبَارِدَةِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عُبَيْدٍ، حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ، حَدَّثَنَا أَيُّوبُ، عَنْ نَافِعٍ، أَنَّ ابْنَ عُمَرَ، نَزَلَ بِضَجْنَانَ فِي لَيْلَةٍ بَارِدَةٍ فَأَمَرَ الْمُنَادِيَ فَنَادَى أَنِ الصَّلَاةُ فِي الرِّحَالِ .

_ صحيح

قَالَ أَيُّوبُ وَحَدَّثَنَا نَافِعٌ عَنِ ابْنِ عُمَرَ أَنَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم كَانَ إِذَا كَانَتْ لَيْلَةٌ بَارِدَةٌ أَقْ مَطِيرَةٌ أَمَرَ الْمُنَادِيَ فَنَادَى الصَّلَاةُ فِي الرِّحَالِ. لم أر من وصله

বাংলা

১০৬০। নাফি' (রহঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা (শীতের রাতে) ইবনু 'উমার দাজনান নামক স্থানে অবস্থানকালে এক ঘোষণাকারীকে ঘোষণা করতে আদেশ করেন যে, প্রত্যেকেই যেন নিজ নিজ অবস্থানে সালাত আদায় করে নেয়।

সহীহ।

আইয়ূব (রহঃ) বলেন, নাফি' হতে ইবনু 'উমার সূত্রে বর্ণিত আছে যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বৃষ্টি অথবা শীতের রাতে নিজ নিজ অবস্থানে সালাত আদায়ের জন্য ঘোষককে ঘোষণা করতে নির্দেশ দিতেন।[1]

এটি কে মারফু করলো তা আমি পাইনি।

English



Nafi said:

Ibn 'Umar stayed at Dajnan (a place between Mecca and Medina) on a cold night. He commanded an announcer (to announce). He announced that the people should offer prayer in their dwellings. Ayyub said: Nafi narrated on the authority of Ibn 'Umar that whenever there was a cold or a rainy day night, the Messenger of Allah (ﷺ) commanded the announcer (to announce). He announced to offer prayer in the dwellings.

ফুটনোট

[1] ইবনু মাজাহ (অধ্যায় : সালাত কায়িম, অনুঃ বর্ষার রাতে সালাতের জামা'আত, হাঃ ৯৩৭), আহমাদ (২/৪), দারিমী (অধ্যায় : সালাত, অনুঃ বৃষ্টি হতে ও সফরে থাকলে জুমু'আহ ছেড়ে দেয়ার অনুমতি সম্পর্কে, হাঃ ১২৭৫), ইবনু খুযাইমাহ (হাঃ১৬৫৫)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ নাফি' (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন